দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 5 1999
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

185

# খুলনায় শিক্ষক সমিতির মিছিল ও সমাবেশ

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, খুলনা জেলা শাখার উদ্যোগে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শুক্রবার সকালে হাজার হাজার শিক্ষক-কর্মচারী এক বিরাট মিছিল বের করে। মিছিলকারীরা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণশেষে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন।

শিক্ষক-কর্মচারীদের ১৫ দফা দাবি ও পরীক্ষায় নকল প্রতিরোধসহ ৭ দফা সুপারিশ সম্বলিত স্মারকলিপি প্রদানের জন্য খুলনা শহর এবং জেলার ৯টি থানা থেকে হাজার হাজার শিক্ষক-কর্মচারী ডাকবাংলাস্থ শহীদ সোহরাওয়ার্দী স্কুল প্রাঙ্গণে সমবেত হয়।

স্মারকলিপি প্রদানশেষে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের খুলনা জেলা আহ্বায়ক এস এম আবদুল জলিল, আলমগীর কবির, খান আতিয়ার রহমান, নারায়ণ চন্দ্র চন্দ, ফিরোজুর রহমান, আমিরুল ইসলাম,প্রদীপ কুমার সাহা, আবু হানিফা, নিরঞ্জন টিকাদার, হায়দার আলী, আলতাফ হোসেন, আবদুর রউফ প্রমুখ।

## গ্রেফতার

পুলিশ সোনাডাংগাস্থ সার্জিক্যাল ক্লিনিকে ৫ লাখ টাকা দাবি করে একটি চিরকুট নিয়ে আসা এক চাঁদাবাজ সন্ত্রাসীকে গ্রেফতার করেছে।

হানিফ গাজী নামে এই সন্ত্রাসীকে গ্রেফতার করার জন্য পুলিশ শুক্রবার বিকেলে সাদা পোশাকে ক্লিনিকে অবস্থান গ্রহণ করে। সন্ত্রাসীরা হানিফকে চিঠি দিয়ে পাঠানোর সঙ্গে সঙ্গে তাকে আটক করা হয়।



*খুলনা ঃ শিক্ষক সমিতি ফেডারেশনের মিছিল* —সংবাদ